দৈনিক ইত্তেফাক

তারিখ 18 JAN 1993
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৩ ...

## বি,এড ডিগ্রী বাতিল

ইত্তেফাক রিপোর্ট ॥ জাল সার্টিফিকেটের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩ জন স্কুল শিক্ষিকার প্রাপ্ত বি,এড ডিগ্রী বাতিল করিয়াছেন। গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক দফতর জানায়, মীরপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষিকা আঞ্জুমান আরা বেগম, তেজগাঁও সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের শিক্ষিকা নিগার সুলতানা ও শরীফাতুন-নেছা (শরীফা খান) বি,এ/বি,এস-সি (পাস) পরীক্ষার জাল সার্টিফিকেট দাখিল করিয়া ১৯৮৬ সালে ঢাকা টিচার্স ট্রেনিং কলেজে বি,এড কোর্সে ভর্তি হয় এবং পরবর্তীতে বি,এড ডিগ্রী অর্জন করে। সম্প্রতি তাহাদের বি,এ ও বি,এস-সি পরীক্ষার সার্টিফিকেট জাল প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বি,এড ডিগ্রী বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করে।